

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩৬৯২

মোহনপুর, ১৬ নভেম্বর, ২০২৩

২৬-২৮ নভেম্বর ব্রহ্মকুন্ড মেলা

আগামী ২৬-২৮ নভেম্বর রাসপূর্ণিমা উপলক্ষে ৩ তিনব্যাপী ব্রহ্মকুন্ড মেলা অনুষ্ঠিত হবে। এ উপলক্ষে আজ ব্রহ্মকুন্ড গ্রাম পঞ্চায়েতের সভাগৃহে এক প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত ছিলেন বিধায়ক বৃষকেতু দেববর্মা, এডিসির কার্যনির্বাহী সদস্য রবীন্দ্র দেববর্মা, মোহনপুর পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান রীণা দেববর্মা, ভাইস চেয়ারম্যান রাকেশ দেব, মোহনপুর মহকুমার মহকুমা শাসক সুভাষ দত্ত, মহকুমা পুলিশ আধিকারিক বিজয় সেন, পশ্চিম জেলার তথ্য ও সংস্কৃতি দপ্তরের সহকারি অধিকর্তা অমৃত দেববর্মা, সমাজসেবী যোগেন্দ্র দেববর্মা, বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ, বিভিন্ন পঞ্চায়েতের প্রধানগণ সহ এলাকার জনপ্রতিনিধিগণ। সভায় সিদ্ধান্ত হয় আগামী ২৬-২৮ নভেম্বর তিনদিনব্যাপী মেলা অনুষ্ঠিত হবে। মেলায় বিভিন্ন দপ্তরের উদ্যোগে প্রদর্শনী মন্ডপ খোলা হবে। মেলাকে সর্বাঙ্গীনভাবে সফল করে তোলার জন্য বিধায়ক বৃষকেতু দেববর্মা কে চেয়ারম্যান করে একটি মূল কমিটি ও বিভিন্ন সাবকমিটি গঠন করা হয়।
